“নিয়োগ বিজ্ঞপ্তি”

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২০-১৩৪৬

তারিখঃ ১৪ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য/ প্যানেল তৈরীর জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও বেতনস্কেল	পদের সংখ্যা (কম/ বেশী)	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০১	ফিল্ড গবেষণা কর্মকর্তা ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড- ০৯)	০৩ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং ২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।	সকল জেলা।
০২	লাইব্রেরীয়ান ৳ ১২৫০০-৩০২৩০/= (গ্রেড- ১১)	০১ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং ২) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা।	
০৩	নিরীক্ষক (অডিটর) ৳ ১২৫০০-৩০২৩০/= (গ্রেড- ১১)	০৭ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি।	
০৪	ক্যাশিয়ার ৳ ১০২০০-২৪৬৮০/= (গ্রেড- ১৪)	০১ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং ২) সরকার কর্তৃক বিধি মোতাবেক নির্ধারিত (যদি থাকে) জামানত প্রদান করিতে হইবে।	মানিকগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, নেত্রকোনা, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, চুয়াডাঙ্গা, মেহেরপুর ভোলা, ঝালকাঠী এবং পটুয়াখালী **জেলা ব্যতীত অন্য সকল জেলা।** কিন্তু এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০৫	ড্রাফটসম্যান গ্রেড-৪ ৳ ৯৭০০-২৩৪৯০/= (গ্রেড- ১৫)	০৩ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) পাশ; এবং ২) AutoCAD বা অনুরূপ কোন প্রোগ্রামে নকশা প্রণয়নের বাস্তব অভিজ্ঞতা।	
০৬	ফর্ক লিফট অপারেটর ৳ ৯৩০০-২২৪৯০/= (গ্রেড- ১৬)	০২ টি	অনূর্ধ্ব ৪০ বৎসর।	১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং ২) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ (হালকা যানবাহন) ফর্ক লিফট চালনায় অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
০৭	ইকুইপমেন্ট মেকানিক ৳ ৯৩০০-২২৪৯০/= (গ্রেড- ১৬)	০১ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স, ইলেকট্রনিক কন্ট্রোল এন্ড কমিউনিকেশন বা মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; অথবা ১) কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স, জেনারেল ইলেকট্রনিক্স, অডিও ভিডিও সিস্টেম, জেনারেল মেকানিক্স বা মেশিন টুলস্ অপারেশন ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং ২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
০৮	স্টীম লাইন ফিল্টার অপারেটর ৳ ৯৩০০-২২৪৯০/= (গ্রেড- ১৬)	০৩ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; অথবা ১) কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস বা ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং ২) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
০৯	প্লাম্বার ৳ ৯৩০০-২২৪৯০/= (গ্রেড-১৬)	০১ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১) কোন স্বীকৃত বোর্ড হইতে প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং ২) সরকারি, স্বায়ত্তশাসিত বা অন্য কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অন্যূন এক বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
১০	মেকানিক সহকারী (মিটার) ৳ ৮৮০০-২০২৯০/= (গ্রেড-১৮)	০১ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স, অটোমোবাইল বা ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) পাশ। অথবা ১) কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি জেনারেল মেকানিক্স, মেশিন টুলস্ অপারেশন বা অটোমোটিভ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) পাশ; এবং ২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	নরসিংদী, মাদারীপুর, শরীয়তপুর, নেত্রকোনা, ফেনী, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, পঞ্চগড়, বাগেরহাট, মেহেরপুর এবং ঝালকাঠী **জেলা ব্যতীত অন্য সকল জেলা।** কিন্তু এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
১১	স্টোর হেলপার ৳ ৮২৫০-২০০১০/= (গ্রেড-২০)	০১ টি	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং ২) পণ্যাগার রক্ষণাবেক্ষণ, মালামাল প্রদান ও গ্রহণ, ইত্যাদি কাজে বাস্তব অভিজ্ঞতা।	

শর্তাবলীঃ

০১। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৫-০১-২০২১ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে।
০২। ২৬-০১-২০২১ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।
০৩। ১৮ বৎসরের কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।
০৪। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে হলে **Online** এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।
০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
০৬। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।
০৭। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।